# ইয়াসীন | Ya-Sin | يس

আয়াতঃ ৩৬ : ৩

## আরবি মূল আয়াত:

اِنَّكَ لَمِنَ الۡمُرۡسَلِیۡنَ ۙ﴿۳﴾

## অনুবাদসমূহ:

নিশ্চয় তুমি রাসূলদের অন্তর্ভুক্ত। — আল-বায়ান

তুমি অবশ্যই রসূলগণের অন্তর্ভুক্ত। — তাইসিরুল

তুমি অবশ্যই রাসূলদের অন্তর্ভুক্ত। — মুজিবুর রহমান

Indeed you, [O Muhammad], are from among the messengers, — Sahih International

## ৩. নিশ্চয় আপনি রাসূলদের অন্তর্ভুক্ত;

-

তাফসীরে জাকারিয়া

## (৩) তুমি অবশ্যই প্রেরিত (রসূল)দের অন্তর্ভুক্ত; [1]

[1] মুশরিকরা নবী (সাঃ)-এর রসূল হওয়ার ব্যাপারে সন্দেহ পোষণ করত। ফলে তারা তাঁর রিসালাতকে অস্বীকার করত ও বলত, (لَسۡتَ مُرۡسَلًا) ‘‘তুমি তো পয়গম্বরই নও।’’ (সূরা রা’দ ৪৩ আয়াত) আল্লাহ তাআলা তাদের উত্তরে জ্ঞানগর্ভ কুরআনের কসম করে বললেন, তিনি অবশ্যই তাঁর পয়গম্বর। এতে রয়েছে নবী (সাঃ)-এর সম্মান ও মাহাত্মের বিকাশ। যেহেতু আল্লাহ তা'আলা অন্য কোন রসূলের জন্য তাঁর রিসালাতের কসম করেননি। রিসালাত প্রমাণ করতে আল্লাহ তা'আলার কসম রসূল (সাঃ)-এর অন্যতম বৈশিষ্ট্য।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3708

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন